

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি [বিআরটিএ] এর “মোটরযান পরিদর্শক” (১০ম গ্রেড) পদের ফলাফল

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৯-০৪

তারিখ : ২৪.০১.২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি [বিআরটিএ] এর “মোটরযান পরিদর্শক” (১০ম গ্রেড) এর শূন্য পদে প্রার্থী মনোনয়ন

বিষয়ে উল্লিখিত পদে নিয়োগের জন্য কর্ম কমিশন কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে বিদ্যমান বিধি বিধান অনুসরণ করে নিম্ন রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করা হয়েছে :

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি [বিআরটিএ] এর “মোটরযান পরিদর্শক” (১০ম গ্রেড) :

রেজিস্ট্রেশন নম্বরঃ ৫০০০৯৬, ০০০০৫৩, ০০০৬৬৮, ০০০৪৬৭, ০০০৩৪৯, ৩০০০৫২, ৭০০০৮৮, ০০০০৭১, ০০০৮১২, ০০০৩৪২, ০০০০৯১, ০০০৪৫৮, ০০০৪৪৩, ৫০০০৬০, ৩০০০২১, ০০০৯০৭, ০০০৪৩৮ ও ০০০০৯৪ = ১৮ জন।


২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীদের সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৩. সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৫. প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬. ফলাফল কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।


[আ. ই. ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]